



## ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন



“শেখ হাসিনার মূলনীতি,  
গ্রাম শহরের উন্নতি”

সময়মত পৌরকর পরিশোধ করুন  
আপনার শিশুকে টিকা দিন

### বঙ্গবন্ধু এভিনিউ হকার্স মার্কেটের বরাদ্দ বাতিলকৃত দোকানের চাহিত অগ্রীম আংশিক সালামী পরিশোধ ও পুনর্বহালের আবেদনকরণ সংক্রান্ত জরুরী গণবিজ্ঞপ্তি

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের মালিকানাধীন বঙ্গবন্ধু এভিনিউ হকার্স মার্কেটের নিম্ন বর্ণিত দোকানসমূহের আংশিক অগ্রীম সালামী বাবদ ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা প্রদানের জন্য অফিস আদেশ নং- ৪৬.২০৭.০১৬.১০.০৩.২৫৫.২০১৭, তাং- ০২/০২/২০১৭ খ্রিঃ এবং ২১/১০/২০১৭ খ্রিঃ তারিখ দৈনিক বাংলাদেশ প্রতিদিন পত্রিকায় এক গণবিজ্ঞপ্তি জারী করা হয়। চাহিত সর্বনিম্ন সালামী ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা প্রদানে ব্যর্থ হওয়ায় মার্কেট উপ-আইন, ২০১৬ এবং দোকান বরাদ্দ কমিটির সিদ্ধান্ত অনুসারে নিম্ন বর্ণিত দোকান সমূহের বরাদ্দ বাতিল করা হয়। বরাদ্দ বাতিলকৃত দোকানসমূহের বরাদ্দ পুনর্বহালের লক্ষ্যে মার্কেট উপ-আইন, ২০১৬ অনুসারে পুনর্বহাল ফি জমাদানপূর্বক পুনর্বহালের সুযোগ নেয়ার জন্য পত্র নং- ৪৬.২০৭.০২২.১০.১৩.১৮২৫.২০১৮ (১-১৩৪), তাং- ০৭/০৮/২০১৮ খ্রিঃ জারী করা হয়। জারীকৃত অফিস আদেশ এর নির্ধারিত সময়ের মধ্যে দোকান বরাদ্দের পুনর্বহালের সুযোগ না নেয়ার কারণে নিম্ন-বর্ণিত দোকানসমূহের বরাদ্দাদেশ চূড়ান্তভাবে বাতিল করা হয়।

বিগত ১৪/০৯/২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত দোকান বরাদ্দ কমিটির সিদ্ধান্ত অনুসারে নিম্ন বর্ণিত বরাদ্দ বাতিলকৃত দোকানসমূহের সর্বনিম্ন অগ্রীম সালামীর ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার অবশিষ্ট সালামীর টাকা (ইতোপূর্বে জমাদানকৃত সালামী বাবদে), পুনর্বহাল ফি বাবদ ১২ (বার) মাসের দোকান ভাড়ার সমপরিমাণ অর্থ অর্থাৎ  $(৪৯০ \times ১২) = ৫,৫৮০/-$  (পাঁচ হাজার পাঁচশত আশি) টাকার পৃথক পৃথক পে-অর্ডার (মেয়র, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এর অনুকূলে ক্রয়কৃত) ও ৩০০/- টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প নোটারীকৃত অঙ্গীকারনামা (অফিস কর্তৃক সরবরাহকৃত নমুনা অনুসরণে) এবং ভান্ডার ও ক্রয় বিভাগ হতে ৩,০০০/- (তিন হাজার) টাকা মূল্যের দোকান বরাদ্দের নির্ধারিত আবেদন ফরম ক্রয় করে যথাযথভাবে পূরণ করতঃ বর্ণিত সকল কপি সংযুক্তসহ আগামী ২২ ডিসেম্বর ২০২২ খ্রিঃ তারিখের মধ্যে পুনর্বহালের আবেদন, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, নগর ভবনের ৭ম তলায়, রাজস্ব কর্মকর্তা, বাজার ও বিবিধ রাজস্ব পরিবীক্ষণ শাখার ৭১৯ নং কক্ষে জমাদানের জন্য অনুরোধ করা যাচ্ছে। নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে ব্যর্থ হলে পরবর্তীতে আর কোন প্রকার আবেদন-নিবেদন গ্রহণযোগ্য হবে না।

উল্লেখ্য পে-অর্ডার জমাকালীন সময়ে পূর্বের জমাকৃত সালামীর মূল রশিদ ও জাতীয় পরিচয়পত্রের মূলকপি প্রদর্শন করতে হবে এবং আবেদনের সাথে সালামীর মূল রশিদ ও জাতীয় পরিচয়পত্রের ফটোকপি জমাদান করতে হবে।

#### বরাদ্দ বাতিলকৃত দোকানসমূহের ক্রমিক নম্বর/সদস্য নম্বর

১০,২৩, ৩৫, ৩৫/বি, ৩৮, ৬৫, ৭৯/বি, ১৪৭, ১৪৮, ১৫৭, ১৬২, ১৬৫, ১৬৮, ১৭৪, ২০১, ২১১, ২১৫, ২১৬, ২১৭, ২২৭, ২৩৩, ২৩৪, ২৩৫, ২৪২, ২৬২, ২৯২, ২৯৪, ২৯৫, ২৯৮, ৩০০, ৩০৪, ৩০৬, ৩০৭, ৩১০, ৩১৩, ৩১৫, ৩২৩, ৩২৬, ৩৩৩, ৩৫৪, ৩৫৯, ৩৬৬, ৩৬৮, ৩৭১, ৩৭৫, ৩৭৬, ৩৮১, ৩৯০, ৩৯৩, ৩৯৪, ৩৯৫, ৪০০, ৪০৩, ৪০৮, ৪১২, ৪১৩, ৪১৬, ৪১৭, ৪১৮, ৪২১, ৪২৮, ৪৩৫, ৪৩৮, ৪৪২, ৪৪৩, ৪৪৫, ৪৫০, ৪৫৩, ৪৫৫ = ৬৯ টি।

কর্তৃপক্ষ

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।

স্মারক নং-৪৬.২০৭.০১৬.১০.০৩.১৬৭.২০২২

তারিখ : ১৮/১১/২০২২ খ্রিঃ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

০১. প্রধান রাজস্ব কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।
০২. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।
০৩. প্রধান জনসংযোগ কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা হতে প্রকাশিত অন্তত ০২ (দুই) টি বহুল প্রচারিত জাতীয় (ক) ..... (খ) ..... দৈনিক পত্রিকায় পর পর কমপক্ষে ০২ (দুই) দিন বিজ্ঞপ্তি প্রকাশ এবং পত্রিকার বিজ্ঞপ্তির কাটিং রাজস্ব বিভাগে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ করা হলো।
০৪. সিস্টেম এনালিস্ট, বিজ্ঞপ্তি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো।
০৫. সহ-সচিব (সাধারণ প্রশাসন), বিজ্ঞপ্তি নোটিশ বোর্ডে টাঙ্গানোর/প্রদর্শনের জন্য।
০৬. মেয়র মহোদয়ের একান্ত সচিব (মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৭. প্রধান নির্বাহী কর্মকর্তার স্টাফ অফিসার (প্রিন্সিপাল মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৮. রাজস্ব কর্মকর্তা, বাজার ও বিবিধ রাজস্ব পরিবীক্ষণ শাখা, সংশ্লিষ্ট মার্কেটের আবেদন যথাযথভাবে জমা গ্রহণের বিষয়টি নিশ্চিত করবেন।
০৯. অফিস কপি।

রাজস্ব কর্মকর্তা

বাজার ও বিবিধ রাজস্ব পরিবীক্ষণ  
ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন